



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

চৌদ্দগ্রাম সরকারি কলেজ

চৌদ্দগ্রাম, কুমিল্লা।
স্থাপিতঃ ১৯৭২ইং

ফোনঃ ০১৮৪১-২৮৮৮২৮



www.chaudhagramgovcollege.gov.bd

E-mail: choudhagramgovt.college@yahoo.com


স্মারক নং- চৌ.স.ক/ভবন/২০২১/২৭০৪

তারিখঃ ১৪/০৯/২০২১

পুরাতন পরিত্যক্ত ভবন পুনঃ (২য় বার) নিলাম বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চৌদ্দগ্রাম সরকারি কলেজ অফিস প্রাপ্তগণের পূর্ব দিকে অবস্থিত পুরাতন জরাজীর্ণ ডিগ্রী একাডেমিক একতলা পাকা ভবনটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিত্যক্ত ঘোষিত হয়েছে বিধায় তা অপসারণের জন্য সরকারি নিয়ম অনুসরণ করে নিলামে বিক্রয় করা হবে। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

- ১৮/০৯/২০২১ তারিখ শনিবার থেকে ২৮/০৯/২০২১ তারিখ মঙ্গলবার প্রতি কর্মদিবসে সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত পুরাতন জরাজীর্ণ ভবনটি সরেজমিনে পরিদর্শন করে অধ্যক্ষের কার্যালয় থেকে অফেরতযোগ্য ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের সিডিউল ক্রয় করতে হবে।
- সঠিকভাবে সিডিউল পূরণ করে সদ্যতোলা পাসপোর্ট সাইজের এক কপি ছবিসহ জাতীয় পরিচয়পত্র, ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের সত্যায়িত কপি এবং নিলাম মূল্যের ২০% পরিমাণ টাকার ডিডি/পে-অর্ডার অধ্যক্ষ, চৌদ্দগ্রাম সরকারি কলেজ, চৌদ্দগ্রাম, কুমিল্লা এর অনুকূলে সংযুক্ত করে স্বাক্ষর প্রদান পূর্বক সীলমোহরকৃত খামে ২৯/০৯/২০২১ তারিখ বুধবার দুপুর ১.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বাক্সে জমা দিতে হবে এবং ঐ দিন বেলা ২.০০ টায় দরপত্র খোলা হবে। দরপত্র খোলার সময় দরদাতা নিজে বা একজন বৈধ প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।
- প্রাপ্ত দরদাতার সংখ্যা এবং কাঙ্ক্ষিত মূল্য সরকারি বিধি মোতাবেক না পাওয়া গেলে ৩য় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।
- প্রাপ্ত সর্বোচ্চ দর শিক্ষা মন্ত্রণালয়ের এই সংক্রান্ত পরিপত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২, তারিখ-০৮/১২/২০১৪ এর ৭ (খ) অনুচ্ছেদ মোতাবেক জেলা কনডেমনেশন কমিটির সুপারিশের জন্য প্রেরণ করা হবে।
- সর্বোচ্চ দর মন্ত্রণালয়ের এই সংক্রান্ত পরিপত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২, তারিখ-০৮/১২/২০১৪ এর ৭ (খ) অনুচ্ছেদ মোতাবেক জেলা কনডেমনেশন কমিটির সুপারিশ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে এবং অনুমোদন প্রাপ্তির পর অবশিষ্ট ৮০% নিলাম মূল্য সরকারি পাওনা এবং নিলাম মূল্যের উপর ৭.৫% ভ্যাট ও ২% আয়কর পৃথক পৃথক সরকারি চালানে নির্ধারিত কোডে জমা দিয়ে মূল কপি কলেজ অফিসে দাখিল করার পর পরিত্যক্ত ভবন অপসারণের কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- আদেশ প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে দরদাতাকে নিজ খরচে নিজ জিম্মায় যথাযথ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করে ভবন অপসারণের কাজ সম্পন্ন করতে হবে অন্যথায়, জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করে পুনরায় নিলাম করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এই নিলাম বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


১৪/৯/২১

প্রফেসর শিব প্রসাদ দাস গুপ্ত
আইডি নং-৩৬৭১
অধ্যক্ষ

চৌদ্দগ্রাম সরকারি কলেজ, কুমিল্লা।

প্রফেসর শিব প্রসাদ দাস গুপ্ত

আইডি নং- ৩৬৭১

অধ্যক্ষ


চৌদ্দগ্রাম সরকারি কলেজ, কুমিল্লা।

তারিখ: ১৪/০৯/২০২১

স্মারক নং-চৌ.স.ক/ভবন/২০২১/২৭০৪/০৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
(নিলাম বিজ্ঞপ্তি মাউশির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২. জেলা প্রশাসক, কুমিল্লা।
(নিলাম বিজ্ঞপ্তি জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৫. মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৬. নোটিশ বোর্ড ও ওয়েব সাইট।
৭. অফিন নথি।


১৪.৯.২০২১

মোহাম্মদ আবদুল মতিন
সহকারী অধ্যাপক, ইংরেজি

ও আস্থায়ক

নিলাম কমিটি

চৌদ্দগ্রাম সরকারি কলেজ, কুমিল্লা।


১৪/৯/২১